৭৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 11 NOV 1997
পৃষ্ঠা ৮ কলাম ৪

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র ঐক্যের ধর্মঘট পালন

চট্টগ্রাম অফিস ॥ বকুল হত্যাকারী শিবিরের সন্ত্রাসীদের বিচার ও আবাসিক হলসমূহে বরাদ্দকৃত অবৈধ সীট সমূহ বাতিলের দাবীতে গতকাল (সোমবার) সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্র ঐক্যের ডাকে ক্যাম্পাসে ছাত্র ধর্মঘট পালিত হয়। তবে পরীক্ষা ধর্মঘটের আওতামুক্ত রাখা হয়। ধর্মঘট চলাকালে ছাত্র ঐক্য ক্যাম্পাসে মিছিল সমাবেশ করে। স্টেশন চত্বরে মোহাম্মদ কলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন আহসান কবির বেঙ্গল, মাহফুজুল হক খোকন, এহসান পাটোয়ারী, সাঈদুল ইসলাম প্রমুখ।

এদিকে শিবির বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক নাসির উল্লা এবং অন্যান্য নেতার মুক্তির দাবীতে শিবির বিশ্ববিদ্যালয় শাখা আজ (মঙ্গলবার) ক্যাম্পাসে ছাত্র ধর্মঘট আহ্বান করিয়াছে। পরীক্ষা ধর্মঘটের আওতামুক্ত রাখা হইয়াছে।